**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর**
**(গ্রামোন্নয়ন শাখা)**
**জেশপ বিল্ডিং, ৬৩ নেতাজী সুভাষ রোড, কলকাতা-১**

**নং: ৬৪৬৬ (১৯) আর.ডি/এন.আর.ই.জি.এ/পি/ ১৮এস্-০১/০৬ (পার্ট)** **তাং: ০১.০৯.২০০৮**

প্রেরক: মানবেন্দ্র নাথ রায়, আই.এ.এস
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রাপক: ১) জেলাশাসক,
.......................................................... জেলা
২) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ

**বিষয়: জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচিতে স্বচ্ছতা ও তথ্য জানানোর ব্যবস্থা**

মহাশয়,

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচির কাজকর্মে স্বচ্ছতা বজায় রাখার লক্ষ্যে কর্মসূচি রূপায়ণ সংক্রান্ত তথ্যাবলী জনসমক্ষে গ্রাম পঞ্চায়েত/প্রকল্প রূপায়ণকারী সংস্থার অফিসে নিয়মিত ভাবে প্রকাশ করার জন্য বিভাগীয় ৩৯১৫(৩৬) - পি.এ্যান্ড.আর.ডি/ পি/ ১৮এস্-০১/০৬ (পার্ট) সংখ্যার ১৩/০৫/২০০৮ তারিখের নির্দেশিকা ইতিমধ্যেই পাঠানো হয়েছে।

অনুরূপভাবে ব্লক অফিসেও প্রত্যেক মাসে নিয়মিত ভাবে কর্মসূচি রূপায়ণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করা আবশ্যক। ব্লকস্তরে এই তথ্য প্রকাশের জন্য একটি ছক এই পত্রের সঙ্গে সংযোজিত হল। প্রতিমাসে এই ছক অনুযায়ী তথ্যাবলী ব্লক অফিসের নোটিশ বোর্ডে অবশই টাঙাতে হবে। এর জন্য একটি পৃথক ডিস্‌প্লে বোর্ডের ব্যবস্থাও করা যেতে পারে যা একটি প্রকাশ্য স্থানে রাখা থাকবে এবং যেখানে প্রত্যেক মাসে তথ্যাবলী রঙ দিয়ে লিখে দেওয়া যাবে, যাতে জনসাধারণ সহজেই তথ্যগুলি জানতে পারে। সম্ভব হলে এই ছকটি দেওয়ালে বরাবরের জন্য এঁকে দেওয়া যেতে পারে, সেই ক্ষেত্রে প্রতি মাসের পরিবর্তিত তথ্যটুকু রং দিয়ে পাল্টে দিতে হবে।

আপনার জেলায় সমস্ত ব্লক উন্নয়ন আধিকারিকদের এই মর্মে নির্দেশ পাঠাতে অনুরোধ করছি।

ভবদীয়,

সংলগ্নিকা: স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশের ছক

(মানবেন্দ্র নাথ রায়)

# স্বতঃপ্রণোদিত তথ্যপ্রকাশের ছক

ব্লকের নাম: ........................................ জেলা: ..........................................

আর্থিক বৎসর: ........................................ মাস: ..................................................

| জব কার্ড দেওয়া পরিবারের সংখ্যা | কাজ চেয়েছে এমন পরিবারের সংখ্যা | কাজ পেয়েছে এমন পরিবারের সংখ্যা | এই মাস পর্যন্ত মোট কত শ্রমদিবস তৈরী হয়েছে | যারা কাজ পেয়েছেন এমন সব পরিবার গড়ে কতদিন কাজ পেয়েছে | ১০০ দিন কাজ পেয়েছে এমন পরিবারের সংখ্যা | রিপোর্টের মাসে ব্যয়িত অর্থের পরিমাণ | মাসের শেষে মজুত অর্থের পরিমাণ | মোট কটি প্রকল্প এই বছরে শেষ হয়েছে | মোট কটি প্রকল্প বর্তমানে চালু আছে |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |